বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
Bangabandhu Sheikh Mujib Medical University
শাহবাগ, ঢাকা-১০০০।

স্মারক নং-বিএসএমএমইউ/২০২৩/১২৯৯৭ তারিখঃ ১৭/১০/২০২৩খ্রি.

# সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-বিএসএমএমইউ/২০২৩/৯২৯৩, তারিখঃ ২৬/০৬/২০২৩ইং মোতাবেক প্রকাশিত **সুপার স্পেশালাইজড হাসপাতালের (SSH)** জন্য নবসৃষ্ট নিম্নলিখিত পদসমূহ পূরণের লক্ষ্যে পূর্বের বিজ্ঞপ্তিতে উল্লিখিত আবেদনের শর্তাবলী সংশোধন করে সংশোধিত আকারে এ বিজ্ঞপ্তি প্রকাশিত হল। বর্তমান বিজ্ঞপ্তিটি শুধুমাত্র ১০-২০ গ্রেডভুক্ত কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

| নং | পদের নাম ও বয়স সীমা | বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | **সিনিয়র স্টাফ নার্স**<br>ক) বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।<br>খ) মুক্তিযোদ্ধা পোষ্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর। | ১৬,০০০-৩৮,৬৪০/-<br>গ্রেড-১০ | ২২৫ | **শিক্ষাগত যোগ্যতাঃ** ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি অথবা বিএসসি ইন নার্সিং ডিগ্রি (বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক রেজিস্ট্রার্ড হতে হবে)। |
| ২. | **ইকোল্যাব টেকনিশিয়ান**<br>ক) বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।<br>খ) মুক্তিযোদ্ধা পোষ্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর। | ১৬,০০০-৩৮,৬৪০/-<br>গ্রেড-১০ | ০১ | **শিক্ষাগত যোগ্যতাঃ** সকল পাবলিক পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানসহ পাবলিক প্রতিষ্ঠান হইতে তড়িৎ কৌশল বিষয়ে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং অথবা জীববিদ্যা/ পদার্থবিদ্যাসহ বিএসসি ডিগ্রি।<br>**অভিজ্ঞতাঃ** সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাবে। |
| ৩. | **ইলেকট্রোফিজিওলজি টেকনিশিয়ান**<br>ক) বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।<br>খ) মুক্তিযোদ্ধা পোষ্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর। | ১৬,০০০-৩৮,৬৪০/-<br>গ্রেড-১০ | ০১ | **শিক্ষাগত যোগ্যতাঃ** সকল পাবলিক পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণি/ বিভাগ/ সমমানসহ পাবলিক প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল/ বায়োমেডিক্যাল) অথবা জীববিদ্যা/ পদার্থবিদ্যাসহ বিএসসি ডিগ্রি।<br>**অভিজ্ঞতাঃ** সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাবে। |
| ৪. | **ই.টি.টি টেকনিশিয়ান**<br>ক) বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।<br>খ) মুক্তিযোদ্ধা পোষ্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর। | ১৬,০০০-৩৮,৬৪০/-<br>গ্রেড-১০ | ০১ | **শিক্ষাগত যোগ্যতাঃ** সকল পাবলিক পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানসহ পাবলিক প্রতিষ্ঠান হইতে তড়িৎ কৌশল বিষয়ে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং অথবা জীববিদ্যা/ পদার্থবিদ্যাসহ বিএসসি ডিগ্রি।<br>**অভিজ্ঞতাঃ** সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাবে। |
| ৫. | **সিনিয়র মেডিক্যাল টেকনোলজিস্ট**<br>(রেডিওগ্রাফী - ১, ল্যাবরেটরী -১)<br>ক) বয়স অনূর্ধ্ব ৩৬ (ছত্রিশ) বৎসর।<br>খ) অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। | ১৬,০০০-৩৮,৬৪০/-<br>গ্রেড-১০ | ০২ | **শিক্ষাগত যোগ্যতাঃ** এইচএসসি/সমমান ডিগ্রী। সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে ০৩ (তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা কোর্স সনদ প্রাপ্ত।<br>**অভিজ্ঞতাঃ** বিশ্ববিদ্যালয়ে অথবা সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত/ আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে মেডিক্যাল টেকনোলজিস্ট (ল্যাব/রেডিওগ্রাফি) পদে ন্যূনপক্ষে ৬ (ছয়) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৬. | **উপ-সহকারী প্রকৌশলী (বায়োমেডিক্যাল)**<br>ক) বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।<br>খ) মুক্তিযোদ্ধা পোষ্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর। | ১৬,০০০-৩৮,৬৪০/-<br>গ্রেড-১০ | ০১ | **শিক্ষাগত যোগ্যতাঃ** সকল পাবলিক পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণি/ বিভাগ/ সমমানসহ পাবলিক প্রতিষ্ঠান হতে ইলেক্ট্রো মেডিক্যাল/ বায়োমেডিক্যাল বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।<br>**অভিজ্ঞতাঃ** ক) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।<br>খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৭. | **সহকারী নিউটিশনিস্ট**<br>ক) বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।<br>খ) মুক্তিযোদ্ধা পোষ্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর। | ১৬,০০০-৩৮,৬৪০/-<br>গ্রেড-১০ | ০৩ | **শিক্ষাগত যোগ্যতাঃ** সকল পাবলিক পরীক্ষায় ন্যূনপক্ষে ২য় শ্রেণি/বিভাগসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে খাদ্য ও পুষ্টি বিজ্ঞান বিষয়ে ৪(চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা স্নাতকোত্তর ডিগ্রি।<br>**অভিজ্ঞতাঃ** কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে। |
| ৮. | **কম্পিউটার অপারেটর**<br>ক) বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।<br>খ) মুক্তিযোদ্ধা পোষ্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর। | ১২,৫০০-৩০,২৩০/-<br>গ্রেড-১১ | ০১ | **শিক্ষাগত যোগ্যতাঃ** ক) স্নাতক/সমমানের ডিগ্রি। সকল পাবলিক পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণি। খ) স্বীকৃত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র হতে কম্পিউটার হার্ডওয়ার ও সফটওয়ার বিষয়ে ন্যূনতম ০১ (এক) বছর প্রশিক্ষণ কোর্স সম্পন্ন হতে হবে।<br>**অভিজ্ঞতাঃ** ক) সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত/ আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনপক্ষে ০১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) বাংলা ও ইংরেজি মাধ্যমে কম্পিউটার টাইপিং এ মিনিটে যথাক্রমে ২০ ও ২৫ শব্দ হতে হবে। |
| ৯. | **রেসপিরেটরি থেরাপিস্ট**<br>ক) বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।<br>খ) মুক্তিযোদ্ধা পোষ্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর। | ১২,৫০০-৩০,২৩০/-<br>গ্রেড-১১ | ০২ | **শিক্ষাগত যোগ্যতাঃ** এইচএসসি/ সমমান ডিগ্রি। সরকার কর্তৃক অনুমোদিত ও স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা সনদ প্রাপ্ত। ডিপ্লোমাধারীদের মধ্যে রেসপিরেটরি থেরাপিস্ট এ অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতাঃ** সংশ্লিষ্ট ক্ষেত্রে ০১ (এক) বছরের বাস্তব থাকতে হবে। |
| ১০. | **মেডিক্যাল টেকনোলজিস্ট**<br>(রেডিওগ্রাফী-১, ক্যাথল্যাব -১)<br>ক) বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।<br>খ) মুক্তিযোদ্ধা পোষ্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর। | ১২,৫০০-৩০,২৩০/-<br>গ্রেড-১১ | ০২ | **শিক্ষাগত যোগ্যতাঃ** এইচএসসি/ সমমান ডিগ্রি। সরকার কর্তৃক অনুমোদিত ও স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা কোর্স সনদ প্রাপ্ত।<br>**অভিজ্ঞতাঃ** সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১১. | **অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর**<br>ক) বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।<br>খ) মুক্তিযোদ্ধা পোষ্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর। | ১২,৫০০-৩০,২৩০/-<br>গ্রেড-১১ | ০৩ | **শিক্ষাগত যোগ্যতাঃ** ক) স্নাতক/সমমান ডিগ্রি। সকল পাবলিক পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণি। খ) স্বীকৃত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র হতে কম্পিউটার হার্ডওয়ার ও সফটওয়ার বিষয়ে ন্যূনতম ০১ (এক) বছর প্রশিক্ষণ কোর্স সম্পন্ন হতে হবে।<br>**অভিজ্ঞতাঃ** ক) সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত/ আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনপক্ষে ০১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) বাংলা ও ইংরেজি মাধ্যমে কম্পিউটার টাইপিং এ মিনিটে যথাক্রমে ২০ ও ২৫ শব্দ হতে হবে। |
| ১২. | **সহকারী শেফ**<br>ক) বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।<br>খ) মুক্তিযোদ্ধা পোষ্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর। | ১০,২০০-২৪,৬৮০/-<br>গ্রেড-১৪ | ০৪ | **শিক্ষাগত যোগ্যতাঃ** ক) এইচএসসি/সমমান ডিগ্রি।<br>খ) বাংলাদেশ পর্যটন কর্পোরেশন কর্তৃক সনদ প্রাপ্ত হতে হবে।<br>**অভিজ্ঞতাঃ** ক) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |

| নং | পদের নাম ও বয়স সীমা | বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১৩. | **হেমোডায়ালাইসিস টেকনিশিয়ান**<br>ক) বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।<br>খ) মুক্তিযোদ্ধা পোষ্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর। | ১০,২০০-<br>২৪,৬৮০/-<br>গ্রেড-১৪ | ০২ | **শিক্ষাগত যোগ্যতাঃ** এইচএসসি/ সমমান ডিগ্রি। সরকার কর্তৃক অনুমোদিত ও স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণের সনদ প্রাপ্ত।<br>**অভিজ্ঞতাঃ** সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ১৪. | **ল্যাব টেকনিশিয়ান**<br>ক) বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।<br>খ) মুক্তিযোদ্ধা পোষ্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর। | ১০,২০০-<br>২৪,৬৮০/-<br>গ্রেড-১৪ | ০২ | **শিক্ষাগত যোগ্যতাঃ** এইচএসসি/ সমমান ডিগ্রি।<br>**অভিজ্ঞতাঃ** স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ০৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৫. | **সহকারী কম্পিউটার অপারেটর**<br>(ক) বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।<br>(খ) মুক্তিযোদ্ধা পোষ্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর। | ১০,২০০-<br>২৪,৬৮০/-<br>গ্রেড-১৪ | ০১ | **শিক্ষাগত যোগ্যতাঃ** সকল পাবলিক পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণি/ বিভাগ/ সমমানসহ এইচএসসি/ সমমান ডিগ্রি। সরকার কর্তৃক স্বীকৃত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র হতে ০৬ (ছয়) মাসের প্রশিক্ষণ কোর্স সম্পন্ন হতে হবে।<br>**অভিজ্ঞতাঃ** ক) বাংলা ও ইংরেজি মাধ্যমে কম্পিউটার টাইপিং এ মিনিটে যথাক্রমে ২০ ও ২৫ শব্দ হতে হবে। |
| ১৬. | **পেস মেকার টেকনিশিয়ান**<br>ক) বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।<br>খ) মুক্তিযোদ্ধা পোষ্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর। | ১০,২০০-<br>২৪,৬৮০/-<br>গ্রেড-১৪ | ০১ | **শিক্ষাগত যোগ্যতাঃ** এইচএসসি/ সমমান ডিগ্রী।<br>**অভিজ্ঞতাঃ** সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধীকার দেয়া হবে। |
| ১৭. | **সহকারী স্টুয়ার্ড**<br>ক) বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।<br>খ) মুক্তিযোদ্ধা পোষ্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর। | ৯,৭০০-<br>২৩,৪৯০/-<br>গ্রেড-১৫ | ০৯ | **শিক্ষাগত যোগ্যতাঃ** ক) এইচএসসি/ সমমান ডিগ্রি।<br>খ) বাংলাদেশ পর্যটন কর্পোরেশন কর্তৃক সনদ প্রাপ্ত হতে হবে।<br>**অভিজ্ঞতাঃ** সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| | | মোট | ২৬১ | |

**বিশেষ দ্রষ্টব্যঃ** স্মারক নং- বিএসএমএমইউ/২০২৩/৯২৯৩, তারিখ ২৬-০৬-২০২৩ইং প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত গ্রেড ১৬-২০ ভুক্ত ক্রমিক নং- ২৩, ২৪, ২৬ থেকে ৪০, ৪২ থকে ৫২ পদসমূহের জন্য পরবর্তীতে সংশোধিত বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।

**শর্তাবলীঃ**

১. স্মারক নং-বিএসএমএমইউ/২০২৩/৯২৯৩, তারিখঃ ২৬/০৬/২০২৩ইং প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক যারা ইতোপূর্বে আবেদন করেছেন তাদের পুণরায় আবেদনের প্রয়োজন নেই।

২. আবেদনপত্র পূরণের নিয়ম ও অন্যান্য শর্তাবলি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.bsmmu.ac.bd) হতে পাওয়া যাবে।

৩. আগামী ৩১/১০/২০২৩ খ্রি. তারিখে আবেদনকারীর বয়স আবেদিত পদের বিপরীতে উল্লিখিত অনূর্ধ্ব বয়সের মধ্যে হতে হবে।

৪. আগ্রহী প্রার্থীগণ সর্বশেষ ৩১/১০/২০২৩খ্রি. তারিখ বেলা ২.৩০ ঘটিকার মধ্যে অনলাইনে (**www.bsmmu.ac.bd**) আবেদন করতে পারবেন।

৫. প্রার্থীগণকে পরীক্ষার ফি পূবালী ব্যাংক লিমিটেডের যেকোন অনলাইন শাখায় রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়- এর অনুকূলে পূবালী ব্যাংক লি., ঢাকার শাহবাগ এভিনিউ শাখা, ঢাকার একাউন্ট নম্বর STD- ৪৩০ এর বিপরীতে আগামী ১৭/১০/২০২৩খ্রি. তারিখ থেকে ৩০/১০/২০২৩খ্রি. তারিখ পর্যন্ত ব্যাংক চলাকালীন সময়ের মধ্যে ১০ম গ্রেডভুক্ত আবেদনকারীদের জন্য ১২০০/- (এক হাজার দুইশত) এবং ১১-১৪ গ্রেডভুক্ত আবেদনকারীদের জন্য ১০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে রশিদের কপি সংগ্রহ করতে হবে। টাকা জমা দেয়ার পরবর্তী কর্মদিবসে ব্যাংক থেকে প্রদানকৃত ব্যাচ এবং স্ক্রল নাম্বার ব্যবহার করে অনলাইনে আবেদনপত্র দাখিল করা যাবে।

৬. অনলাইনে আবেদন করার সময় প্রার্থীর আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে যে সকল কাগজপত্র Upload করতে হবেঃ-
   ৬.১. সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (২৪০x২৪০ পিক্সেল),
   ৬.২. স্বাক্ষরের ছবি (৩০০x৮০ পিক্সেল),
   ৬.৩. টাকা জমার ব্যাংক রশিদের কপি।
   ৬.৪. 'মুক্তিযোদ্ধা পোষ্য' প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদপত্রের সত্যায়িত কপি।

৭. আবেদন করার সময়ে প্রদত্ত Tracking Number এবং প্রার্থীর নির্বাচিত Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে Admit Card প্রিন্ট করাসহ আবেদনপত্র সংক্রান্ত বিভিন্ন প্রয়োজনে এই Tracking Number এবং Password ব্যবহার করতে হবে।

৮. প্রার্থীগণ তার মোবাইল ফোনে প্রাপ্ত Tracking Number এবং Password ব্যবহার করে Admit Card প্রিন্ট করে নিতে পারবেন। এছাড়াও লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে থাকবে।

৯. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহবান করা হবে।

১০. প্রার্থীদের প্রাথমিক ভাবে কোন সনদপত্র Upload বা দাখিল করতে হবে না, তবে মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হওয়ার সময় আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নলিখিত সনদপত্রসমূহের মূলকপি দেখাতে হবে এবং একসেট ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) অফিসে ব্যবহারের জন্য দাখিল করতে হবে।
   ১০.১. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র,
   ১০.২. সকল রেজিস্ট্রেশন সনদ,
   ১০.৩. জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ,
   ১০.৪. চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র।

১১. লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২. নির্দিষ্ট সময়সীমার পর প্রাপ্ত আবেদন ও অসম্পূর্ণ বা মিথ্যা তথ্য সম্বলিত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৩. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

১৪. একজন প্রার্থী শুধুমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন, একের অধিক পদে আবেদন গ্রহণ যোগ্য নয়।

১৫. নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও পদসংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬. নিয়োগ প্রক্রিয়া চলাকালীন বা নিয়োগ প্রাপ্তির পরেও যদি কোন শর্তাদিতে অসংগতি বা ভুল তথ্য প্রমাণিত হয় তবে তাঁর নির্বাচন বা নিয়োগ যে কোনো সময় বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

17/10/23

(অধ্যাপক মোহাম্মদ হাফিজুর রহমান)
রেজিস্ট্রার